8

দৈনিক বাংলা

তারিখ 14 APR 1997
পৃষ্ঠা ২ কলাম ৮

# এইচএসসি পরীক্ষা সম্পর্কে বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে শিক্ষামন্ত্রীর বৈঠক

শিক্ষামন্ত্রী এ এম এইচ কে সাদেকের সভাপতিত্বে শনিবার শিক্ষা-মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান-দের এক সভা অনুষ্ঠিত হয়। খবর তথ্য বিবরণীর।

সভায় আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতিমূলক বিভিন্ন কাজের পর্যালোচনা করা হয়। জেলা পর্যায়ে যাতে সংরক্ষিত অবস্থায় প্রশ্নপত্র পৌঁছে তা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া পরীক্ষা অনু-ষ্ঠানের পূর্ব পর্যন্ত প্রশ্নপত্রের ট্রাঙ্ক যথা-যথভাবে সংরক্ষিত রয়েছে কিনা তা জেলা প্রশাসক ও থানা নির্বাহী অফি-সারগণ পরীক্ষা করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।